অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের কনকর্ড আঙুর শিল্পকে (CONCORD GRAPE INDUSTRY) জোরদার করার উদ্যোগ ঘোষণা করলেন

চাহিদা বেশি এমন জাতের আঙুর ফলন বাড়ানোর জন্য এবং লাভজনকতা বৃদ্ধির জন্য 1.3 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আঙুর ক্ষেত উন্নয়ন প্রোগ্রাম (Vineyard Improvement Program) শুরু করলেন

অতিরিক্ত তহবিল নতুন কনকর্ড আঙুর পণ্য উৎপাদন ও নতুন বাজার সুযোগ সনাক্তকারী গবেষণা সমর্থন করবে

গভর্নরের কনকর্ড আঙুর সম্মেলনে (Concord Grape Summit) প্রথম ঘোষিত স্টেটের শিল্প বিকাশের প্রচেষ্টার সাথে এটি একটি সংযোজন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কের কনকর্ড আঙুর শিল্প জোরদার করতে বেশ কিছু নতুন উদ্যোগ ঘোষণা করলেন, তার মধ্যে রয়েছে চাষীদের আঙুর ক্ষেত পুনঃসংস্কার, কার্যক্রম বহুমুখী করতে ও নতুন জাতের আঙুর ফলাতে, উৎপাদন ও লাভজনকতা বৃদ্ধি করতে সাহায্য করার জন্য আঙুর ক্ষেত উন্নয়ন প্রোগ্রামে 1.3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ। পাশাপাশি, নতুন কনকর্ড আঙুর পণ্য উৎপাদন ও বাজার সুযোগ সনাক্ত করার জন্য কর্নেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা সমর্থন করতে স্টেট তহবিল দান করবে। এইসব উদ্যোগ হল এই বছরের এপ্রিল মাসে প্রথমবারের মতো অনুষ্ঠিত হওয়া গভর্নরের কনকর্ড আঙুর সম্মেলনের সরাসরি ফলাফল।

"পূর্ব মার্কিন যুক্তরাষ্ট্রের সব থেকে বড় কনকর্ড আঙুর শিল্পের আবাসস্থল হিসেবে, নিউ ইয়র্ক স্টেট স্থানীয় চাষীদের এবং তাদের ব্যবসাকে সমর্থন করাকে অগ্রাধিকার গণ্য করছে এবং এর বদলে এরা আঞ্চলিক অর্থনীতির বিকাশে সাহায্য করছে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই নতুন উদ্যোগগুলি আঙুর শিল্পকে সমৃদ্ধ করবে এবং নিউ ইয়র্কের সব থেকে বড় কৃষি সম্পদগুলির একটিকে ব্যবহার করে নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে।"

"লেক ইরির (Lake Erie) তীরবর্তী স্থানে উৎপাদিত কনকর্ড আঙুর নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যময় কৃষিজ ভূচিত্রের গুরুত্বপূর্ণ একটি অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আঙুর ক্ষেত উন্নয়ন প্রোগ্রাম এবং এই বছর অনুষ্ঠিত হওয়া স্টেটের প্রথম কনকর্ড আঙুর সম্মেলন এর মধ্য দিয়ে, আঙুর শিল্প এবং স্টেটজুড়ে

কৃষি পণ্যকে সমর্থন করার জন্য আমরা আমাদের সাধ্যের মধ্যে সবকিছু করছি। নতুন উদ্যোগে এই বিনিয়োগ উৎপাদন বৃদ্ধি করতে এবং নতুন পণ্য বিকাশ করতে সাহায্য করার মাধ্যমে সুযোগ তৈরি ও সার্বিক অর্থনীতিকে জোরদার করা অব্যাহত রাখবে।”

এই আঙুর ক্ষেত উন্নয়ন প্রোগ্রামের মধ্য দিয়ে চটোকুয়া, ক্যাটারাগাস, অ্যালাগেনি, স্টিউবেন, শাইলার, টম্পকিনস, সেমাং, টিওগা, ব্রুম, চেনাংগো, ডেলাওয়্যার, নায়াগ্রা এবং ইরি কাউন্টিগুলির কনকর্ড চাষীরা তাদের আঙুর ক্ষেতের কার্যক্রম বৃদ্ধির জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ আবেদন করার জন্য উপযুক্ত হল। এই প্রোগ্রামটির প্রশাসনের দায়িত্বে আছে লেক ইরি আঞ্চলিক আঙুর প্রোগ্রাম (Lake Erie Regional Grape Program)। রোলিং ভিত্তিতে আবেদন গ্রহণ করা হচ্ছে এখানে www.lergp.com।

পাশাপাশি, কৃষি এবং বাজার অধিদপ্তর (Department of Agriculture and Markets) মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি অধিদপ্তর (United States Department of Agriculture, USDA) থেকে প্রায় 145,000 মার্কিন ডলারের অনুদান পেয়েছে যা নিউ ইয়র্কের কনকর্ড আঙুর শিল্পের জন্য নতুন পণ্য ও বাজার খুঁজে বের করতে কর্নেল বিশ্ববিদ্যালয়ের সাথে একটি যৌথ গবেষণা প্রকল্পে ব্যবহার করা হবে। এই তহবিলের সাথে সামঞ্জস্য রেখে কর্নেল এবং নিউ ইয়র্ক ওয়াইন ও আঙুর ফাউন্ডেশনের (New York Wine and Grape Foundation) কাছ থেকে সমর্থন হিসেবে আরো মোট 450,000 মার্কিন ডলারের বিনিয়োগ পাওয়া যাবে। তিন-বছর মেয়াদী এই প্রকল্পের লক্ষ্য হল খাদ্য বিজ্ঞান গবেষণা ও পণ্য বিকাশের মাধ্যমে কনকর্ড আঙুর চাষী ও প্রক্রিয়াজাতকারীদের লাভজনকতা বৃদ্ধি করা।

কর্নেল বিশ্ববিদ্যালয়ের কৃষি ও জীবতত্ব কলেজ (College of Agriculture and Life Sciences, CALS) কনকর্ড আঙুর ব্যবহার করে নতুন পণ্য তৈরির জন্য গবেষণা চালাবে, বিকাশের প্রতিবন্ধকতা ও বিকাশের উদীয়মান সুযোগ সনাক্ত করার জন্য বাজারজাতকরণ ও সরবরাহ চেইন বিশ্লেষণ করবে, এবং নতুন কনকর্ড আঙুর পণ্য ও উপকরণ ভোক্তারা কীভাবে গ্রহণ করছে সেই ট্রেন্ড নিয়ে গবেষণা চালাবে। খাদ্য বিজ্ঞান গবেষণাটি অর্থায়িত হবে কনকর্ড আঙুর গবেষণার জন্য প্রদত্ত 2018-19 স্টেট বাজেটের অনুমোদিত অংশ দিয়ে।

নিউ ইয়র্ক দেশের দ্বিতীয় বৃহত্তম কনকর্ড আঙুর উৎপাদক। বাফেলো থেকে ইরি, পেনিসিভেনিয়া পর্যন্ত লেকের পার দিয়ে অবস্থিত লেক ইরি আঙুর বেল্টে (Lake Erie Grape Belt) আছে 32,000 একর আঙুর চাষের উপযোগী জমিতে 800টি আঙুর ক্ষেত এবং 22টি ওয়াইন তৈরির কারখানা। এই খামারগুলি 150,000 টনের বেশি কনকর্ড আঙুর উৎপন্ন করে যার বেশির ভাগ ফলের রস তৈরির জন্য বিক্রি হয় কিন্তু এর কিছু অংশ দিয়ে জেলি, মার্মালেড এবং ওয়াইনও তৈরি করা হয়। কনকর্ড আঙুর শিল্পের উপর আনুমানিক 2,000 লোকের কর্মসংস্থান নির্ভর করে, যার অর্থনৈতিক প্রভাব প্রতি বছর 340 মিলিয়ন মার্কিন ডলার।

সাম্প্রতিক বছরগুলিতে, ফলের রস জাতীয় পণ্যের ক্ষেত্রে ভোক্তাদের পছন্দের পরিবর্তন ও কম দামের আঙুর দিয়ে তৈরি পণ্যের অতিরিক্ত সরবরাহ মিলিত হয়ে নিউ ইয়র্কের কনকর্ড আঙুর চাষীদের সমস্যায় ফেলে দিয়েছে। এর ফলে ফলের রস ও জেলি উৎপাদন ব্যবসাগুলিও প্রভাবিত হচ্ছে, যার ফলে এদের অনেকের ব্যবসা বন্ধ হয়ে যাচ্ছে বা উৎপাদন কমে যাচ্ছে।

এর প্রত্যুত্তরে, এই শিল্পকে পুনরুজ্জীবিত করার একটি রোডম্যাপ তৈরি করার জন্য এপ্রিল মাসে স্টেট একটি কনকর্ড আঙুর সম্মেলনের আয়োজন করে। এর পর থেকে, চাষীদের নতুন বাজারের সাথে যুক্ত করে দেবার জন্য স্টেট নতুন নতুন পদক্ষেপ নিয়েছে, যেমনঃ

- ভোক্তাদের কনকর্ড আঙুর পণ্যের সাথে পরিচয় করিয়ে দিতে এবং তাদের নিউ ইয়র্কের কৃষিক্ষেত্রে এই আঙুরের ইতিহাস ও গুরুত্ব সম্পর্কে জানাতে গ্রেট নিউ ইয়র্ক স্টেট মেলায় (Great New York State Fair) আঙুর দিবস (Grape Day) আয়োজন করা।
- নতুন কনকর্ড বাজারজাতকরণ সুযোগ এবং প্রাতিষ্ঠানিকভাবে আঙুরের রস কেনা সমর্থন করতে 114,000 মার্কিন ডলার মূল্যের একটি বাজার বিকাশ অনুদান প্রোগ্রাম (Market Development Grants Program) শুরু করা। স্কুল, রেস্টুরেন্ট ও পানীয় প্রস্তুতকারক শিল্পে কনকর্ড আঙুরের ব্যবহার বৃদ্ধির জন্য আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট (American Farmland Trust), গ্রো নিউ ইয়র্ক সিটি (GrowNYC) এবং নিউ ইয়র্ক ওয়াইন ও আঙুর ফাউন্ডেশনকে অনুদান প্রদান করা হয়েছে।
- শিকাগো, অরল্যান্ডো এবং নিউ ইয়র্ক শহর সহ জাতীয় ও আন্তর্জাতিক ট্রেড শোতে আঙুর শিল্পের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা।
- শিল্পের রপ্তানি সুযোগ ও বাজারজাতকরণ সহায়তার জন্য কর্মশালা পরিকল্পনা করা।
- রেস্টুরেন্ট ও কনকর্ড আঙুর ও ফলের রসের অন্যান্য ক্রেতাদের কাছে উৎসের তথ্য প্রদান করার জন্য এবং বাজারে ভোক্তাদের কাছে কনকর্ড আঙুরের নতুন পণ্য পরিবেশন করার জন্য নিউ ইয়র্ক শহরের গ্রো নিউ ইয়র্ক সিটি এর সাথে সমন্বয় করে কনকর্ড ক্রাশ হ্যাপি আওয়ার এর মতো বিশেষ প্রচারণামূলক অনুষ্ঠান আয়োজন করা।
- নিউ ইয়র্ক স্টেট সমর্থিত কর্নেল CALS আঙুর প্রজনন প্রোগ্রাম থেকে এভারেস্ট সিডলেস (Everest Seedless) নামক প্রথম বীচিহীন কনকর্ড আঙুর উন্মোচন করা।

স্টেটের কৃষি কমিশনার (State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "আমাদের কনকর্ড আঙুর শিল্পটি পরিপক্ক এবং এখানে বিকাশের সুযোগ রয়েছে। বর্ধিত বাজারজাতকরণ প্রচেষ্টা ও প্রচারণার মাধ্যমে আমাদের চাষীদের ও কনকর্ড আঙুর পণ্য উৎপাদনকারী ব্যবসাগুলিকে সমর্থন করতে আমরা অঙ্গীকারবদ্ধ। এই নতুন উদ্যোগগুলি আমাদের অর্জনের সাথে সংযোজিত হবে এবং শিল্পটিকে আরো অগ্রসর করবে।"

সিনেট কৃষি কমিটির (Senate Agriculture Committee) চেয়ারম্যান প্যাটি রিচি বলেন, "দেশের দ্বিতীয় বৃহত্তম কনকর্ড আঙুর উৎপাদক স্টেট হিসেবে, আমরা ইতিমধ্যেই দেখেছি আমাদের কঠোর পরিশ্রমী আঙুর চাষীরা নিউ ইয়র্ক স্টেটের কৃষি শিল্পে কী প্রভাব রাখছে। আমাদের স্টেটের পানীয় তৈরির ক্ষেত্র খুবই ভালো করছে, এবং গবেষণা ও বাজারজাতকরণে এই বিনিয়োগগুলির মধ্য দিয়ে আমরা এই গতি ধরে রাখতে পারবো এবং এরই ফলশ্রুতিতে আমাদের অর্থনীতি আরো বিকাশ করতে এবং কর্মসংস্থান সৃষ্টি করতে পারবো।"

অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Agriculture Committee) চেয়ারম্যান বিল ম্যাগি বলেছেন, "যেসব আঙুর চাষীরা তাদের মাণ উন্নয়ন করার উপায় খুঁজছিলেন এবং নতুন উদ্ভাবনী পণ্যের উৎপাদন, বিকাশ ও বাজারজাতকরণের ঝুঁকি নেওয়ার জন্য প্রস্তুত ছিলেন, নিউ ইয়র্কের কনকর্ড আঙুর শিল্পের প্রতি ঠিক এই সহায়তাই তাদের প্রয়োজন ছিল।"

কর্নেল বিশ্ববিদ্যালয়ের কৃষি ও জীবতত্ত্ব কলেজের রোনাল্ড পি.লিঙ্ক ডিন ক্যাথরিন জে. বুর বলেন, "নিউ ইয়র্ক হল কনকর্ড আঙুরের দেশ। প্রজন্মের পর প্রজন্ম ধরে কর্নেলের বিশেষজ্ঞরা স্টেটের আঙুর চাষীদের বিশ্বের মধ্যে সবথেকে সেরা মাণের কনকর্ড উৎপাদনে সাহায্য করেছে। এই তহবিল পুরো অঞ্চলের চাষীদের আঙুর ক্ষেতের কার্যক্রম বৃদ্ধি করতে সাহায্য করবে এবং একইসাথে বাজারের জন্য নতুন পণ্য উদ্ভাবন ও বিকাশ করার জন্য আমাদের খাদ্য বিজ্ঞানীদের অবাধে কাজ করতে দিবে। এই অব্যাহত অংশীদারিত্ব সর্বস্তরের চাষী, উৎপাদক এবং ভোক্তাদের জন্য একটি জয়।"

গ্রো নিউ ইয়র্ক সিটি এর প্রেসিডেন্ট ও সিইও মার্সেল ভ্যান ওয়েন বলেন, "অনেক বছর ধরে গ্রো নিউ ইয়র্ক সিটি এর গ্রিনমার্কেট প্রোগ্রাম নিউ ইয়র্ক শহরে সেরকম বাজার তৈরি করেছে যেখানে চাষীরা তাদের পণ্য বিক্রি করতে পারে, যার ফলে খামারের টেকসইতা বৃদ্ধি পেয়েছে। কীভাবে আমরা আমাদের রেস্টুরেন্ট অংশীদারদের সাথে কাজ করে অভাবী চাষীদের সাহায্য করতে পারি তার দারুণ এক উদাহরণ হল কনকর্ড আঙুরের প্রচারণায় সাহায্য করতে আমাদের প্রচেষ্টা।"

নিউ ইয়র্ক ওয়াইন ও আঙুর ফাউন্ডেশনের প্রেসিডেন্ট স্যাম ফিলার বলেন, "গভর্নর কুওমো যেভাবে কনকর্ড আঙুর শিল্পকে সমর্থন করে গেছেন তার জন্য ওয়াইন আঙুর শিল্পের পক্ষ থেকে আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। কয়েক প্রজন্ম ধরে আমাদের কনকর্ড আঙুর চাষীরা আমাদের শিল্পের মেরুদণ্ড গঠন করেছে। এটি নিউ ইয়র্কের সেরা আঙ্গুর, এবং নতুন বাজারজাতকরণ উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক ওয়াইন ও আঙুর ফাউন্ডেশন চায় কনকর্ডকে নিউ ইয়র্কের প্রতিশব্দে পরিণত করতে।"

আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট এর নিউ ইয়র্ক স্টেট উপপরিচালক এরিকা গুডম্যান বলেন, "K-12 স্কুলগুলিকে আরো বেশি কনকর্ড আঙুর ও রস কিনতে সাহায্য করার জন্য গভর্নর কুওমো ও কমিশনার বলের সাথে কাজ করতে আমরা উন্মুখ হয়ে আছি। স্কুল ও অন্যান্য কমিউনিটি প্রতিষ্ঠানকে নিউ ইয়র্কে উৎপন্ন খাবার কেনানোর ব্যবস্থা করা গেলে তা স্থানীয় চাষীদের জন্য ও নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের জন্য মঙ্গলকর হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন